

কম্বল ক্রয়ের জন্য দরপত্র আহ্বান

দেশব্যাপী শীতাত্ত মানুষের মাঝে কম্বল বিতরণের লক্ষ্যে প্রতিষ্ঠিত কম্বল ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে ১৪০০ গ্রাম থেকে ১৫০০ গ্রাম ওজনের ডবল পার্টের (৫ ফুট X ৭ ফুট) ৬০,০০০ (ষাট হাজার) টি কম্বল ক্রয়ের জন্য মুখবন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।


দরপত্রে অংশগ্রহণের যোগ্যতা :

দরপত্রে অংশগ্রহণে আত্মহী ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহকে কম্বল ব্যবসা এবং নির্ধারিত সময়ে সরবরাহে পর্যাপ্ত জনবল ও অভিজ্ঞতা থাকতে হবে। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, হালনাগাদ ভ্যাট/টিআইএন সার্টিফিকেট, হালনাগাদ ব্যাংক স্বচ্ছলতা সনদ, প্রস্তুতকারী দেশ ও আমদানী সম্পর্কিত দলিলাদি জমা দিতে হবে।

দরপত্রে অংশ গ্রহণের প্রক্রিয়া :

আত্মহী ব্যবসায়ীগণ সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত ২৪/১১/২০১৭ তারিখ হতে ০৪/১২/২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে “প্রাইম ব্যাংক লিমিটেড” বরাবর ৫০০/- (পাঁচ শত) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিয়ে প্রাইম ব্যাংকের নিম্ন লিখিত ঠিকানা হতে টেন্ডার শিডিউল ক্রয় করতে এবং কম্বলের নমুনা দেখতে পারবেন। দরপত্র অবশ্যই মুখবন্ধ খামে দরপত্রের মোট মূল্যের ২% আর্নেস্ট মানিসহ (“প্রাইম ব্যাংক লিমিটেড” বরাবর পে-অর্ডারের মাধ্যমে) ০৪/১২/২০১৭ তারিখ বিকাল ৩ ঘটিকার মধ্যে দরপত্র সংগ্রহের স্থানে জমা দিতে হবে এবং একই দিন বিকাল সাড়ে ৩ ঘটিকায় জমাদানকারীদের (যদি কেউ উপস্থিত থাকে) উপস্থিতিতে দরপত্র খোলা হবে। উল্লেখ্য, যে কোন দরপত্র গ্রহণ ও বাতিল করার সিদ্ধান্ত সম্পূর্ণভাবে ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

প্রধান কার্যালয়ঃ
সরকার ম্যানসন
২৯, রাজউক এ্যাভিনিউ (২য় তলা),
মতিঝিল বা/এ, ঢাকা - ১০০০।
ফোন : ০২- ৯৫৬৭২৬৫ (সম্প্রসারণ : ২২৬, ৩৪০)

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট
ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন
 **প্রাইম ব্যাংক লিমিটেড**
একটি ব্যতিক্রমধর্মী ব্যাংক